

## সভা নং-০৪

উপজেলা “অর্থ বাজেট ও পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোছাঃ নাজনীন নাহার  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
চৌগাছা, যশোর।

স্থান : উপজেলা সমবায় অফিসারের কার্যালয়  
তারিখ : ২৮/০৯/২০২২খ্রিঃ  
সময় : বেলা ১১.০০ টা।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম ও স্বাক্ষর :


ক্রঃ নং	নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	মোছাঃ নাজনীন নাহার মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা, যশোর।	সভাপতি	স্বাক্ষরিত
০২	জনাব দেবশীষ মিশ্র জয় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা, যশোর।	সদস্য	স্বাক্ষরিত
০৩	জনাব রিয়াসাত ইমতিয়াজ উপজেলা প্রকৌশলী, চৌগাছা, যশোর।	সদস্য	স্বাক্ষরিত
০৪	জনাব মেহেদী মাসুদ চৌধুরী চেয়ারম্যান, ১নং ফুলসরা ইউপি, চৌগাছা, যশোর।	সদস্য	স্বাক্ষরিত
০৫	জনাব মোঃ আবুল কাশেম চেয়ারম্যান, ৫নং চৌগাছা ইউপি, চৌগাছা, যশোর।	সদস্য	স্বাক্ষরিত
০৬	জনাব মোঃ মমিনুর রহমান চেয়ারম্যান, ৪নং খুলিয়ানী ইউপি, চৌগাছা, যশোর।	সদস্য	স্বাক্ষরিত
০৭	জনাব মোঃ অহিদুর রহমান উপজেলা সমবায় অফিসার, চৌগাছা, যশোর।	সদস্য-সচিব	স্বাক্ষরিত

অধ্যকার উপজেলা “অর্থ বাজেট ও পরিকল্পনা” বিষয়ক স্থায়ী কমিটির সভা মোছাঃ নাজনীন নাহার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা, যশোর এর সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতেই সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর সভাপতি মহোদয় অধ্যকার আলোচ্য সূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন। এরপর সদস্য সচিব সাহেব আলোচ্য সূচি অনুযায়ী আলোচনা শুরু করেন।

আলোচ্য সূচি	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন সংক্রান্ত :	অতঃপর সভাপতির অনুমতিক্রমে এ কমিটির সদস্য-সচিব জনাব মোঃ অহিদুর রহমান সাহেব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী বা সংযোজন না থাকায় উহা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হলো।	--
২। সমবায় সংক্রান্ত উদ্ধৃদ্ধকরণ সভা অনুষ্ঠান সংক্রান্ত :	সভায় সদস্য সচিব সাহেব জানান যে, সমবায় বিভাগ প্রায় ১১৬ (একশত ষোল) বছর ধরে দারিদ্র বিমোচনসহ সরকারের অনেক জনগুরুত্বপূর্ণ কাজ সম্পাদন করে আসছে। বাংলাদেশ রাষ্ট্রের অভ্যুদয়ের পর বঙ্গবন্ধু বাংলাদেশ সংবিধানের ১৩নং অনুচ্ছেদে মালিকানার দ্বিতীয় খাত হিসেবে সমবায়ী মালিকানাকে স্বীকৃতি প্রদান করেন। বর্তমান সরকার উৎপাদনমুখী সমবায় সমিতি গঠনের উপর অধিক গুরুত্বারোপ করেছেন। এমতাবস্থায় সমবায় বিভাগের কার্যক্রমকে আরও জোরদারকরণ এবং উৎপাদনমুখী সমবায় সমিতি গঠনের নিমিত্তে চৌগাছা উপজেলার ০৮(আট) ইউনিয়নে ০১(টি) করে সর্বমোট ০৮(আট)টি উদ্ধৃদ্ধকরণ সভা করার জন্য প্রস্তাব প্রদান করেন।  উক্ত প্রস্তাবের উপর সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে উপস্থিত সদস্যদের সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :	উপজেলা সমবায় অফিসার, চৌগাছা, যশোর।

<p><b>সিদ্ধান্ত :</b> ০৮(আট) ইউনিয়নে ০১(টি) করে সর্বমোট ০৮(আট)টি উদ্বুদ্ধকরণ সভা করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। এবং এ সংক্রান্ত প্রকল্প তৈরিপূর্বক দাখিল করার জন্য সদস্য সচিবকে দায়িত্ব প্রদান করা হয়।</p>	
---	--

অতঃপর অধ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ আহিদুর রহমান)  
সদস্য সচিব

উপজেলা “অর্থ বাজেট ও পরিকল্পনা” বিষয়ক স্থায়ী কমিটি

ও

উপজেলা সমবায় অফিসার  
চৌগাছা, যশোর।